



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/27/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন 18-19 আগস্ট, 2024 তারিখের বন্যায় ক্ষতিগ্রস্ত লং আইল্যান্ডের বাসিন্দা এবং ব্যবসাকে U.S. স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ফেডারেল সহায়তা দিবে

*সাফোক এবং নাসাউ কাউন্টির বাড়ির মালিক, বাসিন্দা এবং ব্যবসাগুলি U.S. স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের কম সুদের ঋণের জন্য আবেদন করতে পারবে*

*স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এবং কাউন্টির অফিসিয়ালরা চরম আবহাওয়ার ঘটনায় ক্ষতিগ্রস্ত এলাকার জন্য সহায়তা পেতে প্রাথমিক ক্ষয়ক্ষতির অবস্থা যাচাই করেছে*

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 18-19 আগস্ট, 2024 তারিখের চরম আবহাওয়ায় ক্ষতিগ্রস্ত সাফোক এবং নাসাউ কাউন্টির নিউ ইয়র্কবাসীর সহায়তা দেওয়া হবে। বাড়ির মালিক, ভাড়াটে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো এখন ঝড়ের প্রভাব থেকে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য মার্কিন ক্ষুদ্র ব্যবসায় প্রশাসনের (U.S. Small Business Administration, SBA) স্বল্প সুদে ঋণের জন্য আবেদন করার যোগ্য, যার ফলে ঘরবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য ক্ষতি হয়েছে।

"লং আইল্যান্ডের মানুষ এখনো আগস্টের চরম আবহাওয়ার প্রভাব দেখছে, এবং আমাদের ফেডারেল পার্টনারদের সাথে নিয়ে আমরা নিশ্চিত করছি যাতে কমিউনিটিগুলির কাছে পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় রিসোর্স থাকে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দৃঢ়তা নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের DNA-তে আছে, এবং এই বন্যায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সমর্থন দেওয়ার জন্য আমার অ্যাডমিনিস্ট্রেশন নিষ্ঠার সাথে কাজ করছে।"

ঘোষিত কাউন্টিগুলোতে বাড়ির মালিক, বাসিন্দা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো এখন SBA ঋণের জন্য যোগ্য। SBA ঋণের উপযুক্ত পক্ষগুলোর জন্য খুব সহায়ক হতে পারে যাদের আবহাওয়া সম্পর্কিত দুর্ভোগ এবং অন্যান্য জরুরি অবস্থার পরে রিকোভারের জন্য আর্থিক সহায়তার প্রয়োজন হয়ে থাকে।

এই ঘোষণাটি ঘটনার কারণে হওয়া প্রোপার্টির ক্ষতির মেরামত/বদলে নেওয়ার জন্য যাদেরকে কম সুদে ঋণ প্রদান করবে:

- ব্যবসা বা বেসরকারি, নন-প্রোফিট অর্গানাইজেশনের জন্য 2 মিলিয়ন ডলার পর্যন্ত
- বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের জন্য 100,000 মার্কিন ডলার পর্যন্ত (ব্যক্তিগত প্রোপার্টি মেরামত বা বদলে নিতে সাহায্য করার জন্য)

- বাড়ির মালিকদের জন্য 500,000 মার্কিন ডলার পর্যন্ত (তাদের মূল বাসাকে দুর্ঘটনার আগের অবস্থায় মেরামত বা ফেরত আনার জন্য)

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services, NYSDHSES) কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন,** "নিউ ইয়র্কের মানুষের জন্য নিষ্ঠার সাথে কাজ করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং আমাদের ফেডারেল পার্টনারদের ধন্যবাদ। গ্রীষ্মকালের তীব্র আবহাওয়ার পর পুনরুদ্ধার ও পুনর্গঠনে নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার জন্য তহবিলটি অনেক কাজে লাগবে।"

**সিনেটর Kirsten Gillibrand (কিস্টেন জিলিব্র্যান্ড) বলেন,** "আগস্টের ভারী বৃষ্টিপাত এবং নজিরবিহীন বন্যার কারণে পুরো লং আইল্যান্ডের বাসা ও ব্যবসার মারাত্মক ক্ষতি হয়েছে। এই দুর্ঘটনার ঋণশুল্ক হলে লং আইল্যান্ডের মানুষের জন্য একটি লাইফলাইন, এটি পুনর্গঠন করতে ও নিজেদের জীবিকা ফেরত আনতে তাদের সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ সমর্থন দিবে।" গুরুত্বপূর্ণ এই সহায়তা দেওয়ার জন্য আমি SBA কে ধন্যবাদ জানাচ্ছি এবং সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে তীব্র আবহাওয়ার ঘটনার পর পুনরুদ্ধার প্রক্রিয়া আরো দ্রুত করার সব রিসোর্স থাকে তা নিশ্চিত করার লড়াই চালিয়ে যাবো।"

নিউ ইয়র্কবাসীরা অতিরিক্ত তথ্য পেতে, [আবেদনপত্র ডাউনলোড করতে এবং অনলাইনে আবেদন করতে পারবে।](#) তারা SBA-এর কাস্টোমার সার্ভিস সেন্টারে (Customer Service Center) (800) 659-2955 নম্বরে ফোন করতে বা [disastercustomerservice@sba.gov](mailto:disastercustomerservice@sba.gov) এ ইমেইল করতে পারবে।। ব্যক্তিগত সহায়তা এবং আবেদনের জন্য লোকেশনগুলো আগামী দিনে ঘোষণা করা হবে।

টেলিযোগাযোগ রিলে সেবা পাওয়ার জন্য বধির, শ্রবণে সমস্যা থাকা, বা বাক অক্ষমতাসহ ব্যক্তির 7-1-1 এ ডায়াল করতে পারবে।

ফিজিক্যাল প্রোপার্টির ক্ষয়ের জন্য রিটার্ন আবেদন জমা দেওয়ার শেষ তারিখ 27 জানুয়ারি, 2025।  
অর্থনৈতিক ইনজুরির আবেদন রিটার্ন করার শেষ তারিখ 26 আগস্ট, 2025।

## ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাসের ঘটনা, প্রাকৃতিক দুর্ঘটনা, হুমকি, অগ্নিকাণ্ড এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর জন্য প্রস্তুতি নেওয়া, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে সেরে উঠার প্রচেষ্টাগুলোর জন্য নেতৃত্ব, সমন্বয়, ও সহায়তা প্রদান করছে। আরো তথ্যের জন্য, Facebook, X, Instagram এবং LinkedIn-এ NYSDHSES-কে ফলো করুন এবং [dhses.ny.gov](http://dhses.ny.gov) ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

আনসাবক্রাইব করুন